

## 💵 মুয়াত্তা মালিক

হাদিস নাম্বারঃ ৪১২

৯. সফরে নামায কসর পড়া (كتاب قصر الصلاة في السفر) পরিচ্ছেদঃ ২৫. নামাযের উৎসাহ প্রদান প্রসঙ্গ

# بَابِ جَامِعِ التَّرْغِيبِ فِي الصَّلَاةِ

#### আরবী

حَدَّتَنِي يَحْيَى عَنْ مَالِك عَنْ عَمِّهِ أَبِي سُهَيْلِ بْنِ مَالِك عَنْ أَبِيهِ أَنَّهُ سَمِعَ طَلْحَةَ بْنَ عُبَيْدِ اللَّهِ يَقُولُ جَاءَ رَجُلُ إِلَى رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ مِنْ أَهْلِ نَجْدٍ ثَائِرُ الرَّأْسِ يُسْمَعُ دَوِيُّ صَوْتِهِ وَلَا نَفْقَهُ مَا يَقُولُ حَتَّى دَنَا فَإِذَا هُوَ يَسْأَلُ عَنْ الْإِسْلَامِ فَقَالَ لَهُ رَسُولُ يُسْمَعُ دَوِيُّ صَوْتِهِ وَلَا نَفْقَهُ مَا يَقُولُ حَتَّى دَنَا فَإِذَا هُوَ يَسْأَلُ عَنْ الْإِسْلَامِ فَقَالَ لَهُ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ خَمْسُ صَلَوَاتٍ فِي الْيَوْمِ وَاللَّيْلَةِ قَالَ هَلْ عَلَيَّ غَيْرُهُنَّ قَالَ لَا إلَّا أَنْ تَطَوَّعَ قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ وَصِيَامُ شَهْدِ رَمَضَانَ قَالَ هَلْ عَلَيَّ غَيْرُهُ قَالَ لَا إِلَّا أَنْ تَطَوَّعَ قَالَ وَذَكَرَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ الزَّكَاةَ فَقَالَ هَلْ عَلَيْ عَيْرُهُ قَالَ لَا إِلَّا أَنْ تَطَوَّعَ قَالَ وَذَكَرَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ الزَّكَاةَ فَقَالَ هَلْ عَلَيْ عَيْرُهُا قَالَ لَا إِلَّا أَنْ تَطَوَّعَ قَالَ وَلَا اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ أَوْلُ وَاللَّهِ لَا أَزِيدُ عَلَى هَذَا وَلَا فَلُو اللَّهِ لَا أَنْ تَطَوَّعَ قَالَ وَلَا اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ أَوْلُو وَلُو اللَّهِ لَا أَزِيدُ عَلَى هَذَا وَلَا أَنْ تُطَوّعَ قَالَ وَلَا اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ أَوْلُو وَلُو اللَّهِ لَا أَرْبِدُ عَلَى هَذَا وَلَا أَنْ صَدَقَ

#### বাংলা

রেওয়ায়ত ৯৪. তালহা ইবন উবায়দুল্লাহ্ (রাঃ) হইতে বর্ণিত, একজন নযদবাসী লোক এলোমেলো কেশে রাসূলুল্লাহ সাল্লাল্লাছ্ আলাইহি ওয়াসাল্লাম এর নিকট আসিলেন। আমরা তাহার স্বরের গুঞ্জন শুনিতেছিলাম। কিন্তু তিনি কি বলিতেছিলেন তাহা বুঝা যাইতেছিল না। আবশেষে তিনি নবী করীম সাল্লাল্লাছ্ আলাইহি ওয়াসাল্লাম এর অতি নিকটে আসিলেন। তথন তিনি ইসলাম সম্পর্কে প্রশ্ন করিতেছিলেন। অতঃপর রাসূলুল্লাহ্ সাল্লাল্লাছ্ আলাইহি ওয়াসাল্লাম (তাহার প্রশ্নের উত্তরে) বলিলেনঃ দিন-রাতে পাঁচবার নামায। সে বলিলঃ ইহা ছাড়া আমার উপর আর কোন কিছু (নামায) আছে কি? তিনি বলিলেনঃ না, অবশ্য তুমি যদি স্বেচ্ছায় (নফল) পড়। রাসূলুল্লাহ্ সাল্লাল্লাছ্ আলাইহি ওয়াসাল্লাম বলিলেনঃ এবং রমযান মাসের রোযা। সে বলিলঃ ইহা ছাড়া আমার উপর (আর কোন রোযা) আছে কি? তিনি বলিলেনঃ না, অবশ্য তুমি যদি স্বেচ্ছায় রাখ। তালহা (রাঃ) বলেনঃ রাসূলুল্লাহ্ সাল্লাল্লাছ্ আলাইহি ওয়াসাল্লাম যাকাতের উল্লেখ করিয়াছেন। সেই ব্যক্তি বলিলঃ ইহা ছাড়া আমার উপর আর কোন কিছু আছে কি? রাসূলুল্লাহ্ সাল্লাল্লাছ্ আলাইহি ওয়াসাল্লাম বলিলেনঃ না, তবে যদি তুমি নফলরূপে দাও। তালহা (রাঃ) বলেনঃ অতঃপর সেই ব্যক্তি এই বলিতে বলিতে ফিরিয়া গেলঃ কসম আল্লাহর আমি ইহার উপর বেশিও করিব না এবং



ইহা হইতে কমও করিব না। তারপর রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলিলেনঃ এই ব্যক্তি সফলকাম হইল, যদি সে সত্য বলিয়া থাকে।

### **English**

Yahya related to me from Malik from his paternal uncle Abu Suhayl ibn Malik that his father heard Talha ibn Ubaydullah say, "Once one of the people of Najd came to the Messenger of Allah, may Allah bless him and grant him peace. He had dishevelled hair and although his voice could be heard we could not make out what he was saying until he drew nearer and then we found he was asking about Islam. The Messenger of Allah, may Allah bless him and grant him peace, said to him, 'There are five prayers during the day and the night.' He said, 'Do I have to do anything else besides that?' The Messenger of Allah, may Allah bless him and grant him peace, added, 'And fasting the month of Ramadan.' He said, 'Is there anything else I have to do?' He said, 'No, except what you do of your own accord.' The Messenger of Allah, may Allah bless him and grant him peace, mentioned zakat. The man said, 'Is there anything else that I have to do?' He said, 'No, except what you do of your own accord.'

He continued, "The man went away saying, 'By Allah, I won't do any more than this, nor will I do any less.' The Messenger of Allah, may Allah bless him and grant him peace, said, 'That man will be successful, if he is telling the truth.'

হাদিসের মান: তাহকীক অপেক্ষমাণ পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন 🛘 বর্ণনাকারীঃ তালহা ইবনু উবায়দুল্লাহ্ (রাঃ)

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন